# সিভিউ পাবলিক স্কুল এন্ড কলেজ

## ২য় সেমিস্টার পরীক্ষা সাজেশন-২০২৬

**শ্রেণীঃ- ২য়, বিষয় ঃ- বাংলা ১ম পত্র**

**১.সঠিক উত্তরটিতে টিক (√) চিহ্ন দাও :-**

| | | | | |
|---|---|---|---|---|
| ১. রেফ (র্) বর্ণের কোথায় বসে? | ক. ডানে | খ. উপরে | গ. বামে | ঘ. নিচে |
| ২. ঝিমিত কীভাবে লেখে? | ক. সুন্দর করে | খ. বাঁকা করে | গ. বড়ো করে | ঘ. ছোটো করে |
| ৩. কে শহরে এসে অবাক হলো? | ক. আমিন | খ. তিথি | গ. ফুপু | ঘ. রাজু |
| ৪. আমিন কোথায় এসেছে? | ক. চাচার বাড় | খ. ফুপুর বাড় | গ. মামার বাড় | ঘ. খালার বাড়ি |
| ৫. ঝিলির বিড়ালের রং কী? | ক. কালো | খ. সাদা | গ. হলুদ | ঘ. নীল |
| ৬. ঝিমিতের মা কীভাবে খবর পড়েন? | ক.কাগজে | খ. মোবাইলে | গ. কম্পিউটারে | ঘ. টেলিভিশনে |
| ৭. বাংলাদেশের জাতীয় সংগীত কোনটি? | ক. আমার সোনার বাংলা | খ. চল্ চল্ চল্ | গ. ও আমার দেশের মাটি | |
| ৮. মাটি দিয়ে হাঁড়ি-পাতিল ও পুতুল বানায় কে? | ক. কুমোর | খ. চাষি | গ. দরজি | ঘ. ব্যবসায়ী |
| ৯. গ্রামের পরিবেশ কার দারুণ ভালো লাগে? | ক. মামার | খ. আমিনের | গ. তিথির | ঘ. ফুপুর |
| ১০. 'পরাগ' শব্দের অর্থ কী? | ক. ফুল | খ. ফুলের রেণু | গ. পাতা | ঘ. মুকুল |

<u>উত্তর :-</u> ১. খ উপরে; ২. ক সুন্দর করে; ৩. ক আমিন; ৪. খ ফুপুর বাড়ি; ৫. খ সাদা ৬. মোবাইলে; ৭. ক আমার সোনার বাংলা; ৮.ক কুমোর; ৯. গ তিথির; ১০. খ ফুলের রেণু।

**২.কবিতা লেখো :-** (ক) প্রজাপতি (খ)কাজের আনন্দ

<u>উত্তর :-</u>(ক)বাংলা বইয়ের ৩৮ পৃষ্ঠা। (খ)বাংলা বইয়ের ৩০ পৃষ্ঠা।

**৩.শব্দার্থ লেখো:-** আঁখি- চোখ, আহরণ-জোগাড়, কালবৈশাখি-বৈশাখ মাসের ঝড় , কুয়াশা-বাতাসে ভাসা পানির কণা, খোঁড়া-গর্ত করা, গোলাঘর- যে ঘরে ফসল রাখা হয়, চিড়িয়াখানা-যেখানে দেখানোর জন্য পশুপাখি রাখা হয়, জবাব-উত্তর, ঝাঁক-দল, ঢালু-নিচু, ছানা-বাচ্চা, খাদ্য-খাবার, তৃণলতা-ঘাস ও লতা, ধার-কিনার, তীর। থেকে থেকে-একটু পর পর, দরদি-যার দরদ বা ভালোবাসা আছে, ( বাংলা বইয়ের ৬৩ পৃষ্ঠা )

**৪. বাক্য গঠন কর:-**

দাও ___ মা ভাত দাও।

খাও__ বাবা দুধ খাও।

দিন__ আমাকে বই দিন।

শহর _ আমার মামা শহরে থাকেন।

গ্রহ_ সৌরজগতে নয়টি গ্রহ আছে।

পুকুর _ আমাদের পুকুরে আনেক মাছ আছে।

মজা__রাহাত বই পড়তে মজা পায়।

সময় __ সময়ের কাজ সময়ে কর।

মাটি_ মাটি ভালো হলে ফসল ভালো হয়।

অবাক_ আমিন শহর দেখে অবাক হয়।

**৫.শূণ্যস্হান পূরণ করো :-**

ক) মৌমাছি______আহরণ করে। খ) ______ দল বেঁধে চলে। গ) ফুলে ফুলে ______ উড়ছে।

ঘ) ______ কত রঙের ফুল ফুটছে। ঙ) বৈশাখ ও জ্যৈষ্ঠ এই দুই মাস মিলে হয়______ঋতু।

চ) রুমি______ লাল জামা পরেছে। ছ) ভাদ্র ও আশ্বিন মাস মিলে হয় ______ ঋতু।

জ) পৌষ ও মাঘ এই দুই মাস মিলে হয়______ ঋতু।

<u>উত্তর :-</u> (ক)মধু (খ)পিপীলিকা (গ)প্রজাপিতি (ঘ)বনে (ঙ)গ্রীষ্ম (চ)টুকটুকে (ছ)শরৎ (জ)শীত।

**৬.এলোমেলো বর্ণ সাজিয়ে লেখো:-**

ছিমামৌ, লিপীকাপি, চিমিচিকি, লপিলপি, ণরআহ, খুব দুটির বিড়াল বন্ধুত্ব, চাষ গ্রামে হয় ফসলের, হবে সাথে দেখা বন্ধুরে আবার।

<u>উত্তর :-</u> মৌমাছি, পিপীলিকা, কিচিমিচি, পিলপিল, আহরণ, বিড়াল দুটির খুব বন্ধুত্ব, গ্রামে ফসলের চাষ হয়, আবার বন্ধুদের সাথে দেখা হবে।

**৭. প্রশ্নোত্তর দাও:-**

ক. হাতের লেখা সূন্দর করার জন্য কী করব?

খ. ঝিমিত কী পড়ে মজা পায়?

গ.মৌমাছি কেন বনে যায়??

ঘ. পিঁপড়ার কয়টি পা?

ঙ. কে শীতের সনঞ্চয় খুঁজছে?

চ. আমিন শহরের কীকী দেখে অবাক হয়েছে?

ছ. প্রজাপতির পাখা কেমন?

জ. ঝিলি-মিলি বিড়াল দুটিকে কী খেতে দেয়?

ঝ. পাখি তৃণলতা আনছে কেন?

ঞ. কেন মৌমাছি অপেক্ষা করতে চায় না?

ট. নৌকায় কী আছে? নৌকা দিয়ে কী করা হচ্ছে?

ঠ. গ্রাম ও শহরের মিল অমিল বল?

ড. প্রজাপতি কী কী রঙের হয়?

ঢ. ঝিলি ও মিলি দুই বোন দেখতে কেমন?

**উত্তর :-** ক. হাতের লেখা সুন্দর করার জন্য যা যা করব : i. লেখার প্রয়োজনীয় সরঞ্জাম রাখব।
ii. চেয়ারে বসা অবস্থায় দেহের অবস্থান ঠিক রাখব। iii. সঠিকভাবে পেনসিল/কলম ধরব।
iv. সঠিকভাবে অক্ষর লেখব। v. বারবার অনুশীলন করব। vi. নিয়মিত লেখার অভ্যাস তৈরি করব।

খ. ঝিমিত রাস্তায় নানা ধরনের লেখা পড়ে মজা পায়। গ. মৌমাছি মধু আহরণ করতে বনে যায়।

ঘ. পিঁপড়ার ছয়টি পা। ঙ. পিপীলিকা শীতের সনঞ্চয় খুঁজছে।

চ. আমিন শহরের অনেক গাড়ী, অনেক মানুষ, বিভিন্ন ধরনের দোকান দেখে অবাক হয়েছে। ছ. প্রজাপতির পাখা রঙিন।

জ. ঝিলি-মিলি বিড়াল দুটিকে মাছ ও দুধ খেতে দেয়। ঝ. পাখি বাসা বানানোর জন্য তৃণলতা আনছে।

ঞ. মধু আহরণে যাওয়ার জন্য মৌমাছি অপেক্ষা করতে চায় না। ট. নৌকায় মানুষজন আছে। নৌকা দিয়ে মানুষ পারাপার হচ্ছে

ঠ. উত্তর: <u>গ্রাম ও শহরের মিল হলো-</u> ১. গ্রাম ও শহরে বিদ্যুৎ রয়েছে। ২. গ্রাম ও শহরে পাকা রাস্তা আছে। ৩. গ্রাম ও শহরের ছেলেমেয়েরা স্কুলে যায়।

<u>গ্রাম ও শহরের অমিল হলো-</u> ১. শহরে বড়ো দালান আছে, গ্রামের ঘর-বাড়ি ছোটো ছোটো হয়।
২. শহরে একই দালানে অনেক পরিবার থাকে। গ্রামে একটি বাড়িতে একটি পরিবার থাকে।
৩. শহরে বাঘ, হরিণ, জিরাফ প্রভৃতি প্রাণী চিড়িয়াখানায় রাখা হয়। গ্রামে হাঁস পুকুরে ঘুরে বেড়ায় এবং পাখি গাছে গাছে উড়ে বেড়ায়।

ড. প্রজাপতি লাল, নীল, সবুজ, হলুদ, কালো, সোনালি বিভিন্ন রঙের হয়। ঢ. ঝিলি ও মিলি দেখতে একই রকম।

**৮.মিলকরণ:**

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| টুকটুকে | পাখা |
| রঙিন | লাল |
| পড়ি | মাস |
| মার্চ | ও লিখি |
| দুজনের দুটি | মন খারাপ করে বসে থাকে। |
| একদিন হঠাৎ করে | মিউ মিউ। |
| সাদা বিড়াল | বিড়াল। |
| হঠাৎ শোনা গেল | কালো বিড়ালটা উধাও। |
| বারান্দায় দাঁড়িয়ে আছে | কালো বিড়ালটি। |

**উত্তর :-** টুকটুকে- লাল, রঙিন- পাখা, পড়ি- ও লিখি, মার্চ- মাস, দুজনের দুটি বিড়াল, একদিন হঠাৎ করে কালো বিড়ালটা উধাও, সাদা বিড়াল মন খারাপ করে বসে থাকে, হঠাৎ শোনা গেল মিউ মিউ, বারান্দায় দাঁড়িয়ে আছে কালো বিড়ালটি।

**৯. বাংলাদেশের ষড়ঋতুর নাম ও বারো মাসের নাম লেখো:**

**উত্তর :-** ষড়ঋতুর নাম:- ১.গ্রীষ্ম, ২.বর্ষা, ৩.শরৎ, ৪.হেমন্ত, ৫.শীত, ৬.বসন্ত।
বাংলা বারো মাসের নাম:- ১.বৈশাখ, ২.জৈষ্ঠ, ৩.আষাঢ়, ৪.শ্রাবণ, ৫.ভাদ্র, ৬.আশ্বিন, ৭.কার্তিক, ৮.অগ্রহায়ণ, ৯.পৌষ, ১০.মাঘ, ১১.ফাল্গুন, ১২.চৈত্র।

# বিষয় ঃ- বাংলা ২য়

**১. সঠিক উত্তরে টিক (√) চিহ্ন দাও :-**

| | | | | |
|---|---|---|---|---|
| ১. বাংলা ভাষায় স্বরবর্ণের সংখ্যা কয়টি __ | ক) ১০ টি, | খ) ১১ টি, | গ)১২ টি, | ঘ) ১৩ টি। |
| ২.নিজে নিজে উচ্চারিত হতে পারে কোন বর্ন __ | ক)স্বরবর্ণ | খ)ব্যাঞ্জনবর্ণ | গ)যুক্তবর্ণ | ঘ)স্পর্শবর্ণ |
| ৩.নিচের কোনটি শব্দ __ | ক) লাভা | খ) শবে | গ) লাঠি | ঘ)পরিখা |
| ৪.'কার' ছাড়া শব্দ কোনটি __ | ক) অন্ন | খ) ত্বক | গ) ঘুঘু | ঘ) মগ্ন |
| ৫.' আনন্দ ' কোন পদ __ | ক)বিশেষ্য | খ)সর্বনাম | গ) বিশেষণ | ঘ) অব্যয় |
| ৬.যে পদ বিশেষ্যেরপরিবর্তে বসে তাকে কী বলে _ | ক) বিশেষ্য | খ)বিশেষণ | গ) ক্রিয়া | ঘ) সর্বনাম |
| ৭.নিচের কোনটি ক্রিয়াপদেরউদাহরণ _ | ক) চট্টগ্রাম | খ) খাইতেছে | গ)এবং | ঘ) ঢাকা |
| ৮.নিচের কোনটি অব্যয় পদ __ | ক) কিন্তু | খ)যাব | গ) আমি | ঘ) ওরা |
| ৯.নিচের কোনটি স্ত্রীলিঙ্গ _ | ক) বাবা | খ) বেগম | গ) ভাই | ঘ)চাকর |
| ১০.নিচের কোনটি উভয়লিঙ্গ __ | ক)বালক | খ)বোন | গ)বালিকা | ঘ)শিশু |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১.সন্ধি শব্দের অর্থ কী _ | ক) বাক্য | খ)বচন | গ) লিঙ্গ | ঘ) মিলন |
| ১২.সন্ধি কত প্রকার _ | ক) তিন প্রকার | খ) চার প্রকার | গ) পাঁচ প্রকার | ঘ) ছয় প্রকার |
| ১৩.স্বাধীন শব্দের বিপরীত শব্দ কোনটি _ | ক)নিজের অধীন | খ) মুক্তি | গ) পরাধীন | ঘ) সাহায্য |
| ১৪.দূরে শব্দের বিপরীত শব্দ কোনটি __ | ক) নিকটে | খ) কাছে | গ) পিছনে | ঘ) সামনে |
| ১৫.আশা - এর বিপরীত শব্দ কোনটি __ | ক) ভরসা | খ) ইচ্ছা | গ) নিরাশা | ঘ) অনিচ্ছা |

উত্তর :-১.(খ) ১১টি, ২.(ক) স্বরবর্ণ ,৩.(গ) লাঠি, ৪.(গ) চক, ৫.(গ) বিশেষণ, ৬.(ঘ) সর্বনাম, ৭.(খ) খাইতেছে, ৮.(ক) কিন্তু, ৯.(খ) বেগম, ১০.(ঘ) শিশু, ১১.(ঘ)মিলন,১২.(ক) তিন প্রকার, ১৩.(গ) পরাধীন, ১৪.(খ) কাছে , ১৫.(গ) নিরাশা।

**২.শূন্যস্হান পূরণ কর :-**

ক) 'বিপরীত' অর্থ _______ ।

খ) আমরা প্রতিদিনই কিছু_______ শব্দ ব্যবহার করি।

গ) একটি শব্দের উলটো অর্থ আছে, এমন শব্দই ______ শব্দ।

ঘ) 'অধম'- এর বিপরীত শব্দ _______।

ঙ) 'সবল' -এর বিপরীত শব্দ ___।

চ) 'নব' ও 'অন্ন' _______ শব্দ ।

ছ) শব্দের শেষ বর্ণের সঙ্গে অন্য শব্দের _______ বর্ণের মিলন হয়।

জ) দুটি বর্ণের মিলনের ফলে তৈরি হয় একটি_______ ।

ঝ) মাত্রাগুলোকে বর্ণের _____ মতো মনে হয়।

ঞ) মাত্রা ______ রকম।

ট) অর্ধমাত্রার বর্ণ ______ টি।

ঠ) _______ বর্ণের কোনো কার নেই।

ড) ব্যঞ্জনবর্ণের ছোট রূপকে______ বলে।

ঢ) সন্ধি শব্দ ও বাক্যকে _______ করে।

ণ) বাংলা ব্যাকরণে ______ প্রয়োজনীয়তা অপরিসীম।

উত্তর :- (ক)উলটো, (খ) বিপরীত, (গ) বিপরীত, (ঘ) উত্তম, (ঙ) দুর্বল, (চ) পৃথক, (ছ) প্রথম, (জ) বর্ণ, (ঝ) ছাদের, (ঞ)তিন, (ট) ৮,(ঠ) অ, (ড)ফলা, (ঢ)শ্রুতিমধুর, (ণ) সন্ধির।

**৩.প্রশ্নোত্তর দাও :-**

ক. ধ্বনি কাকে বলে? ধ্বনি কয় প্রকার ও কী কী? উত্তর :-মনের ভাব অন্যের নিকট প্রকাশ করার সময় বাকযন্ত্রের সাহায্যে যে শব্দ বা আওয়াজ সৃষ্টি হয় তাকে ধ্বনি বলে। ধ্বনি দুই প্রকার। যথা: ১)স্বরধ্বনি, ২)ব্যঞ্জনধ্বনি।

খ. বর্ণ কাকে বলে? বর্ণ কত প্রকার ও কী কী?

উত্তর :- ভাষা লেখার জন্য যেসব চিহ্ন ব্যবহার করা হয়, তাদেরকে বর্ণ বলে। বর্ণ দুই প্রকার। যথা: ১)স্বরবর্ণ , ২) ব্যঞ্জনবর্ণ।

গ. মাত্রাহীন বর্ণ কাকে বলে? মাত্রা হীন বর্ণ কয়টি ও কী কী? উত্তর :- বাংলা বর্ণমালায় যেসব বর্ণের মাথায় কোনো টান দিতে হয় না, সে বর্ণগুলোকে মাত্রা হীন বর্ণ বলে। মাত্রা হীন বর্ণ ১০টি। যথা: এ, ঐ, ও, ঔ, ঙ , ঞ, ৎ , ং , ঃ , ँ ।

ঘ. শব্দ কাকে বলে? " কার " যোগে পাঁচটি শব্দ লেখ? উত্তর :- এক বা একাধিক বর্ণ মিলিত হয়ে যদি একটি অর্থ প্রকাশ করে, তবে তাকে শব্দ বলে। কার যোগো শব্দ :- পাতা , পিতা , মাতা , শীত , ঘুঘু।

ঙ. পদ কাকে বলে? পদ কত প্রকার ও কী কী? উত্তর :-বাক্যে ব্যবহৃত প্রত্যেকটি শব্দকে এক - একটি পদ বলে। পদ পাঁচ প্রকার। যথা: ১) বিশেষ্য ২)বিশেষণ৩)সর্বনাম ৪)অব্যয়৫)ক্রিয়া

চ. সর্বনাম পদ কাকে বলে? উদাহরণ দাও।

উত্তর :- যে পদ বিশেষ্য পদের পরিবর্তে বসে তাকে সর্বনাম পদ বলে।যেমন: আমি , তুমি , সে , তারা ইত্যাদি।

ছ. লিঙ্গ কাকে বলে? লিঙ্গ কত প্রকার ও কী কী? উত্তর :- যে শব্দ দ্বারা স্ত্রী -পুরুষ বা স্ত্রী - পুরুষ দুটোই কিংবা অচেতন পদার্থকে বোঝায় তাকে লিঙ্গ বলে। লিঙ্গ চার প্রকার। যথা: (১) পুংলিঙ্গ(২) স্ত্রীলিঙ্গ (৩)ক্লীবলিঙ্গ(৪)উভয় লিঙ্গ।

জ. সন্ধি কাকে বলে? সন্ধি কত প্রকার ও কী কী?

উত্তর :- পাশাপাশি দুটি বর্ণের মিলনকে সন্ধি বলে। সন্ধি তিন প্রকার। যথা:- ১) স্বরসন্ধি, ২)ব্যঞ্জনসন্ধি, ৩) বিসর্গসন্ধি।

ঝ.সন্ধি বিচ্ছেদ করো:- মহাশয় , হিমালয় , নবান্ন , সংসার , পুরস্কার।

উত্তর :-মহা + আশয় = মহাশয়, হিম + আলয় = হিমালয়, নব + অন্ন = নবান্ন,
সং + সার = সংসার, পুরঃ + কার = পুরস্কার,

ঞ.নিচের যুক্তবর্ণ দিয়ে শব্দ গঠন কর:- ক্ষ , ক্ত , স্ত , ল্গ , দ্ম।

উত্তর :- ক্ষ __ ক্ষমা, ক্ত __ শক্ত, স্ত _ বস্তা, ল্গ _ ফাল্গুন, দ্ম _ পদ্ম।

**৪.বিপরীত শব্দ লেখো :-** দেশ, ধ্বংস, ন্যায়, নর ,নিন্দা, পাপ, পছন্দ, রোদ, শুভ, হালকা ।

উত্তর :- বিদেশ, সৃষ্টি , অন্যায়, নারী, প্রশংসা, পূণ্য, অপছন্দ, বৃষ্টি, অশুভ, ভারী।

**৫.অনুচ্ছেদ লেখো :-** (ক) শাপলা ফুল। উত্তর :- বাংলা ব্যাকরণ বইয়ের ৭৩ পৃষ্ঠা।
(খ) আমাদের দেশ। উত্তর :- বাংলা ব্যাকরণ বইয়ের ৭৬ পৃষ্ঠা।

**৬.ফরম পূরণ করো :-** (ক)বিদ্যালয় থেকে ছুটি নেওয়ার জন্য নিচের ফরমটি পূরণ কর।

| ছুটির ফরম |
|---|
| ১) তারিখ ------------------ |
| ২) শিক্ষার্থীর নাম ------- |
| ৩) শ্রেণি --------------------- |
| ৪) শাখা --------------------- |
| ৫) রোল নং --------------- |
| ৬) ছুটির কারন ----------- |
| ৭) ছুটির সময় ------------ |
| ৮) বর্তমান ঠিকানা ------ |
| ৯) মোবাইল নং ---------- |

উত্তর:- বাংলা ব্যাকরণ বইয়ের ৬৬ পৃষ্ঠা।

# বিষয় ঃ- গণিত

**১.সঠিক উত্তরে টিক চিহ্ন দাও:-**

| | | | | |
|---|---|---|---|---|
| (১) 'x' প্রতীককে কী চিহ্ন বলে? | (ক) যোগ | (খ) বিয়োগ | (গ) গুণ | (ঘ) ভাগ |
| (২) ২ দিন সমান কয় ঘন্টা? | (ক) ১২ | (খ) ১৬ | (গ) ১৮ | (ঘ) ৪৮ |
| (৩) চতুর্ভুজের কোনা কয়টি? | (ক) ২টি | (খ) ৪টি | (গ) ৬টি | (ঘ) ৮টি |
| (৪) ওজন পরিমাপের একক কোনটি? | (ক) মিটার | (খ) লিটার | (গ) কেজি | (ঘ) সেমি |
| (৫) জ্যৈষ্ঠ মাসের পরের মাসের নাম কী? | (ক) আষাঢ় | (খ) বৈশাখ | (গ) শ্রাবণ | (ঘ) চৈত্র |
| (৬) ৬ এবং ৯ এর গুণফল কত? | (ক) ৪০ | (খ) ৪২ | (গ) ৫৪ | (ঘ) ৬০ |
| (৭) একটি বাক্সে ১৫টি চকলেট থাকলে এরূপ ৫টি বাক্সে কতটি চকলেট থাকবে? | | | | |
| | (ক) ৭৫টি | (খ) ৬০টি | (গ) ৮৫টি | (ঘ) ৯০টি |
| (৮) কয়টি সরলরেখা দ্বারা চতুর্ভুজ আঁকা যায়? | (ক) ১টি | (খ) ২টি | (গ) ৩টি | (ঘ) ৪টি |
| (৯) ১ কেজি = কত গ্রাম? | (ক) ১০ গ্রাম | (খ) ১০০ গ্রাম | (গ) ৫০০ গ্রাম | (ঘ) ১০০০ গ্রাম |
| (১০) ২ সপ্তাহে কত দিন? | (ক) ৭ দিন | (খ) ১৪ দিন | (গ) ২৮ দিন | (ঘ) ২১ দিন |

**উত্তর :** (গ) গুণ, (ঘ) ৪৮, (খ) ৪টি, (গ) কেজি,(ক) আষাঢ়,(গ) ৫৪, (ক) ৭৫টি, (ঘ) ৪টি, (ঘ) ১০০০ গ্রাম, (খ) ১৪ দিন.

**২.অংকে লেখ :-** (৫১ থেকে ৯০)

উত্তর:- ৫১ , ৫২, ৫৩, ৫৪, ৫৫, ৫৬, ৫৭, ৫৮, ৫৯, ৬০, ৬১, ৬২, ৬৩, ৬৪, ৬৫, ৬৬, ৬৭, ৬৮, ৬৯, ৭০, ৭১, ৭২, ৭৩, ৭৪, ৭৫, ৭৬, ৭৭, ৭৮, ৭৯, ৮০, ৮১, ৮২, ৮৩, ৮৪, ৮৫, ৮৬, ৮৭, ৮৮, ৮৯ ৯০।

**৩.কথায় লেখ :-** (৫১ থেকে ৯০)

উত্তর:- একান্ন, বায়ান্ন, তিপ্পান্ন, চুয়ান্ন , পঞ্চান্ন, ছাপ্পান্ন, সাতান্ন, আটান্ন , ঊনষাট , ষাট, একষট্টি , বাষট্টি , তেষট্টি , চৌষট্টি , পঁয়ষট্টি , ছেষট্টি , সাতষট্টি , আটষট্টি , ঊনসত্তর , সত্তর , একাত্তর , বাহাত্তর , তিয়াত্তর , , পঁচাত্তর , ছিয়াত্তর , সাতাত্তর , আটাত্তর , ঊনআশি , আশি, একাশি, বিরাশি , তিরাশি , চুরাশি , পঁচাশি , ছয়াশি, সাতাশি , আটাশি, ঊননব্বই, নব্বই।

**৪.জোড়-বিজোড় সংখ্যা লেখ:-**(৫১ থেকে ৮০)

উত্তর : জোড় সংখ্যা _ ৫২ , ৫৪ , ৫৬ , ৫৮ , ৬০ , ৬২ , ৬৪ , ৬৬ , ৬৮ , ৭০, ৭২, ৭৪, ৭৬, ৭৮, ৮০।

বিজোড় সংখ্যা _ ৫১, ৫৩, ৫৫, ৫৭, ৫৯, ৬১, ৬৩, ৬৫, ৬৭, ৬৯, ৭১, ৭৩, ৭৫, ৭৭, ৭৯।

**৫.নামতা লেখ :-**(১২,১৩, ১৪)

| ১২ এর নামতা | ১৩ এর নামতা | ১৪ এর নামতা |
|---|---|---|
| ১২ × ১ = ১২<br>১২ × ২ = ২৪<br>১২ × ৩ = ৩৬<br>১২ × ৪ = ৪৮<br>১২ × ৫ = ৬০<br>১২ × ৬ = ৭২<br>১২ × ৭ = ৮৪<br>১২ × ৮ = ৯৬<br>১২ × ৯ = ১০৮<br>১২ × ১০ = ১২০ | ১৩ × ১ = ১৩<br>১৩ × ২ = ২৬<br>১৩ × ৩ =৩৯<br>১৩ × ৪ = ৫২<br>১৩ × ৫ = ৬৫<br>১৩ × ৬ = ৭৮<br>১৩ × ৭ = ৯১<br>১৩ × ৮ = ১০৪<br>১৩ × ৯ = ১১৭<br>১৩ × ১০ = ১৩০ | ১৪ × ১ =১৪<br>১৪ × ২ = ২৮<br>১৪ × ৩ = ৪২<br>১৪ × ৪ = ৫৬<br>১৪ × ৫ = ৭০<br>১৪ × ৬ = ৮৪<br>১৪ × ৭ = ৯৮<br>১৪ × ৮ = ১১২<br>১৪ × ৯ = ১২৬<br>১৪ × ১০ = ১৪০ |

**৬.মৌলিক সংখ্যা লেখ:-**(৪০ থেকে ৯০)

উত্তর :-৪১, ৪৩, ৪৭, ৫৩, ৫৯, ৬১, ৬৭, ৭১, ৭৩ ৭৯, ৮৩, ৮৯।

**৭.যোগ কর:-** ১)৮০+৫০= ২)৬০+৬০= ৩)৫০+৯০= ৪)৮০+৭০=

৫)৪৬২ + ৩ ৬)৯৫৩ + ৪৬ ৭)৬২০ +৩৭০ ৮)২৩৩ +৩৫৫ ৯)৪৩৮ +৫২১ ১০)২৩২ +৩৫৪

উত্তর : ১)১৩০ ২)১২০৩)১৪০ ৪)১৫০ ৫)৪৬৫ ৬)৯৯৯ ৭)৯৯০ ৮)৫৮৮৯)৯৫৯ ১০)৫৮৬

**৮.বিয়োগ কর:-** ১)১৭০ - ৪০ = ২)১৮০ - ২০ = ৩)১৬০ - ৪০ = ৪)১৯০ - ২০ = ৫)৫০০ - ২০০ =

৬)৭৫ - ৫৫ ৭)৫০৯ - ২৫ ৮)৭২৯ - ৫৬ ৯)৮৪৫ - ৫৮ ১০)৪০ - ২০

উত্তর: ১)১৩০ ২)১৬০ ৩)১২০ ৪)১৭০ ৫)৩০০ ৬)২০ ৭)৪৮৪ ৮)৬৭৩ ৯)৭৮৭ ১০)২০

**৯.গাণিতিক সমস্যা সমাধান:-**

১। শিমু একমাসে একটি গল্পের বইয়ের ১৫৪ পৃষ্ঠা পড়ে। পরের মাসে ২৭৫ পৃষ্ঠা পড়ে। সে দুই মাসে মোট কত পৃষ্ঠা পড়েছে?

২। একটি নার্সারিতে ১২০টি গোলাপ ফুল গাছ আছে এবং ১২৭ টি গাঁদা ফুল গাছ আছে। ঐ নার্সারীতে মোট কতগুলো ফুল গাছ আছে?

৩। একজন ফল বিক্রেতা প্রথম দিন ৩৬০ টাকার আম বিক্রি করলেন। দ্বিতীয় দিন ৪৭৫ টাকার আম বিক্রি করলেন। তিনি দুদিনে মোট কত টাকার আম বিক্রি করলেন?

৪। শ্যামল ৩৮৫ টাকা নিয়ে বাজারে গেল। সে ২৫৩ টাকা খরচ করল। তার কাছে কত টাকা থাকল?

৫। শাকিবের ৩টি একশ টাকার নোট ছিল, তা থেকে মিনাকে ২২৫ টাকা দিল। শাকিবের কাছে কত টাকা রইল?


৬। ঝুমার ২৫০ টাকা আছে এবং বাবা তাকে আরও ১৫০ টাকা দিলেন। ঝুমা ২৩০ টাকা দিয়ে একটি বই কিনল। তার কাছে আর কত টাকা রইল?

৭। দুই ছেলের বয়স একত্রে ৩৭ বছর এবং পিতার বয়স ৬৩ বছর। ১০ বছর পর তাদের ৩ জনের বয়স মোট কত হবে?


সমাধান :ক্লাস ফলো করতে হবে। (গণিত বই এর: ৬৩ পৃষ্ঠা- ১,২,৩। ৬৮ পৃষ্ঠা- ৪,৫। ৭১ পৃষ্ঠা- ৬, ৭।)

**১০. জ্যামিতি:-** ১) বৃত্ত কাকে বলে? ২) বর্গ কাকে বলে? ৩) সমবাহু ত্রিভূজ কাকে বলে?

উত্তর :

১) যে রেখার সকল বিন্দু সমতলস্হ একটি নিদিষ্ট বিন্দু থেকে সমান দূরত্বে অবস্হিত, তাকে বৃত্ত বলে। 

২) যে চতুর্ভুজের চারটি বাহু সমান তাকে বর্গ বলে। 

৩) যে ত্রিভূজের সবগুলো বাহুর দৈর্ঘ্য পরস্পর সমান তাকে সমবাহু ত্রিভূজ বলে। 

**১১. মুদ্রা:-** বাংলাদেশি মুদ্রার নাম কি? সাংকেতিক চিহ্ন কি?

উত্তর: টাকা, সাংকেতিক চিহ্ন- ৳

# Sub- English- 1ST

**1.Write the word meaning :-**

Shout, Star, Near, Seed, Mat, National, Summer, Swan, Again, Tiger, Row, People, Stop, Fruit, Crow.

**Ans:-** চিৎকার করা, নক্ষত্র, নিকটে/কাছে, বীজ, মাদুর,জাতীয়, গ্রীষ্মকাল, রাজহাঁস, আবার, বাঘ, সারি, মানুষ/জনগণ, থামা, ফল, কাক।

**2.Tabel:**

| | |
|---|---|
| a.There is a poud in a | 1. eggs |
| b. Green light says to | 2. bird |
| c. A hen is a domestic | 3. milk |
| d. The cow gives us | 4. go |
| e. We eat | 5. village |

**Ans:-** a+5, b+4, c+2, d+3, e+1

**3. Make sentence :-** Draw, Drink, Village, Happy, Cook,

**Ans**:- Draw a triangle. We should drink a lot of water. Our village is beautiful.
She looks happy. My mother cooks.

**4.Fill in the blanks write down the missing letters :-**

a)Un ____form. b)Z____bra. c)Mon ____ey. d)I_____land. e)T ____ lescope.
f)Re_____. g) B____ ll. h) D____ g. i)____ an. j)V____ n.

**Ans:-**(a) i.(b)e. (c) k.(d) s.(e) e.(f) d. (g) a.(h) o. (i) F. (j) a .

**5.Re - arrange :-** a) play/to/loves/He. b) mother/I/my/love. c) milk/We/drink.
d) She/health worker/is/a. e) summer/a/hot/day/is/It

**Ans:-** (a) He loves to play (b) I love my mother. (c) We drink milk.
(d) She is a health worker. (e) It is a hot summer day.

**6.Answer the Question :-**

1. When did the birds fly away? Ans:- The birds flew away on Saturday.
2. What are the seven colours of a rainbow? Ans:- The seven colours of a rainbow are violet, indigo, blue, green, yellow, orange and red.
3. How many days are there in a week? Ans:- There are seven days in a week.
4. What make the colours of rainbow look so bright? Ans:- Raindrops and sunlight make them look bright.
5. What does red light mean? Ans:- Red light means stop right away.
6. Where do you live? Ans:- I live near the Town Hall.
7. What do you do in the morning? Ans:- I have breakfast in the morning.
8. How many days are there in a week? Ans:- There are seven days in a week.
9. What day comes after Monday? Ans:- Tuesday comes after Monday.
10. What day is today? Ans:- It is Monday.

**7.Translate into Bengali :-**

(a) The crow looks around. Ans:-কাকটি চারদিকে তাকায়।
(b) I go to school everyday. Ans:-আমি প্রতিদিন বিদ্যালয়ে যাই।
(c) He is a farmer. Ans:-তিনি একজন কৃষক।
(d) I like to draw pictures. Ans:-আমি ছবি আঁকতে পছন্দ করি।
(e) The cow eats grass. Ans:-গরু ঘাস খায়।

**8.Poem :-** a)Rainbow b)Road signs
a) Page number: 65 b) Page number: 72

# Sub- English- 2nd

**1.Answer to the question :-**

a) Article কাকে বলে? কত প্রকার ও কী কী? b) Definite Article কাকে বলে? c) Number কাকে বলে?
d) Number কত প্রকার ও কী কী? e) Gender কাকে বলে? f) Gender কত প্রকার ও কী কী?
g) Indefinite Article কাকে বলে? h) Singular Number কাকে বলে?
i) Plural Number কাকে বলে? j) Feminine Gender কাকে বলে?

**Ans:-**

a) যে Word দ্বারা Noun-কে অনির্দিষ্ট বা নির্দিষ্ট করে বুঝানো হয় তাকে Article বলে। Articel ৩ প্রকার। যথা: A, An, এবং The।
b) নির্দিষ্ট বস্তু বা প্রাণী বুঝাতে যে Article ব্যবহৃত হয়, তাকে Definite Article বলে।
c) যে Word দ্বারা কোনো ব্যক্তি, বস্তু বা প্রাণির সংখ্যা বুঝায়, তাকে Number বা বচন বলে।
d) Number ২ প্রকার।যথা: 1.Singular Number. 2.Plural Number.
e) যে Word দ্বারা স্ত্রী বা পুরুষ উভয়ের অথবা পুরুষ ও স্ত্রী কোনোটিকে নয় এরূপ বুঝায়, সেগুলোকে Gender বা লিঙ্গ বলে।
f) Gender ৪ প্রকার।যথা: 1.Masculine Gender. 2.Feminine Gender. 3.Common Gender. 4.Neuter Gender.
g) অনির্দিষ্ট কোনো বস্তু বা প্রাণী বুঝাতে যে Article ব্যবহৃত হয়,তাকে Indefinite Article বলে।
h) যে Noun বা Pronoun দিয়ে একটিমাত্র ব্যক্তি, বস্তু বা প্রাণীকে বুঝায়, তাকে Singular Number বলে।
i) যে Noun বা Pronoun দিয়ে একের অধিক ব্যক্তি, বস্তু বা প্রাণীকে বুঝায়, তাকে Plural number বলে।
j) যে Word দিয়ে স্ত্রী জাতীয় ব্যক্তি বা প্রাণীকে বুঝায় তাকে Feminine Gender বা স্ত্রীলিঙ্গ।

**2.Translation into English :-**

1) একটি বই - A book. 2) একটি ঘর -A house.
3) একটি মুরগি -A hen. 4) একজন ছাত্র -A student.
5) একজন ভালো শিক্ষক -A good teacher. 6) এটি একটি পেন্সিল -This is a pencil.
7) ঐটি একটি ঘোড়া -That is a horse. 8) একটি ডিম -An egg.
9) একটি পিঁপড়া -An ant. 10একটি কালির দোয়াত - An ink-pot.

**3. Punctuation Mark :-**

| | |
|---|---|
| Full stop - (দাঁড়ি বা পূর্ণচ্ছেদ) | (.) |
| Semi-colon - (অর্ধচ্ছেদ) | (;) |
| Comma - (কমা বা পাদচ্ছেদ) | (,) |
| Note of Interogation -(প্রশ্নবোধক চিহ্ন) | (?) |
| Exclamation - (আশ্চর্যবোধক চিহ্ন) | (!) |
| Colon- (কোলন বা দৃষ্টান্তচ্ছেদ) | (:) |
| Dash - (ড্যাশ বা দীর্ঘ সংযোেগ চিহ্ন) | (-) |
| Inverted comma - (উদ্ধৃতি চিহ্ন) | (“ ”) |
| Colon dash - (কোলন ড্যাস বা দৃষ্টান্তচ্ছেদ) | (:-) |
| Apostrophe - (লোপ চিহ্ন) | (') |
| Hyphen-(হাইপেন বা সংযোগ চিহ্ন) | (-) |

**4.Paragraph Writing :-** 1.My self. **Ans-** English Grammar book Page no 56.
2.My Reading Room. **Ans:-**English grammar book page no 55.

**5.Form:-** a) You want to participate in a drawing competition. Now, fill up the following form using your information.

| |
|---|
| 1. Name : |
| 2. Father's name : |
| 3. Mother's name : |
| 4. Class : |
| 5. Roll No : |
| 6. Date of barth : |

Ans:- English grammar book page no 70

# Sub- Radiant Way

**1.Vocabulary:-** Kilt, Raft, Stilt, Belt, Self, Shelf, Help, Sift, Gift, Toy, Birthday, Put, Yard, Farm, Pig, Pond, Dinner.

**Ans:-** ঘাগড়া, ভেলা, লাম্বা পায়া, কোমর বন্ধনী, নিজ, তাক, সাহায্য/সহায়তা, ছেঁকে আলাদা করা, উপহার, খেলনা, জন্মদিন, রাখা, উঠান, খামার, শূকর, পুকুর, দুপুরের খাবার।

**2.Make sentences with the following words:-**

Farm- yard, gift, birth-day, set out, dinner, shelf, park, sky, now, look.

Ans:-
1) Farm yard- It is a toy farm-yar
2) Gift - I have a gift.
3) Birthday - My birthday is due today.
4) Set out - They set out the cows.
5) Dinner - Jack and Dick had dinner with Bert.
6) Shelf - Put the eggs on the shelf.
7) Park - They went to the Park.
8) Sky - They saw a bird flying in the sky.
9) Now - We should start now.
10) Look – Let us look into it.

**3.Fill in the blanks:-**

1) They went to the ___ .
2) Bert and Tom ___ for a run..
3) No ___ was in the Park.
4) He must have his__ in the corn.
5) We will not hurt the__ .
6) They put the__ and ____ in a hen-pen.
7) I have a__ for you.
8) Jack and Dick had ___ with Bert.
9) They set out the__ .

Ans:- 1) park 2) set 3) one 4) nest 5) eggs 6) hens,chicks 7) gift 8) dinner 9)cows .

**4.Re - arrange:-**

1) a , gift , you , for , have , I .
2) birthday , to- day , Bert's , is .
3) set, out, they, the, cows.
4) shall, get, Dick, Jack, I, and.
5) farm-yard, is, it, toy, a.

Ans:-
1) I have a gift for you.
2) To-day is Bert's birthday .
3) They set out the cows.
4) I shall get Jack and Dick.
5) It is a toy farm-yard.

**5.Answer the following questions :-**

1) Who had been with Bert to play? Ans:- Jack and Dick had been with Bert to play.
2) What did Bert's mother have for Bert? Ans:- Bert's mother had a gift for him.
3) What day is to-day? Ans:- To-day is Bert's birthday.
4) Where did they put the hens and chicks? Ans:- They put the hens and chicks in a hen pen.
5) Where did they put the ducks and ducklings? Ans:- They put the ducks and ducklings in a pond.

# বিষয়:-কম্পিউটার

**১. নিচের বর্ণগুলো দিয়ে শব্দ গঠন করো :-** J, K, L, M, N , O , P , Q , R .

উত্তর:- J_ Joystick, K_ Key-Board, L_ Laptop, M__ Mouse, N _ Network , O __ Online ,
P ___ Printer , Q ___ Quit Button , R ___ Ram,

**২. শূণ্যস্হাণ পূরণ করো :-**

১. ইউ. পি. এস কম্পিউটারকে__ রাখে। ২.মনিটর __ প্রকার। ৩. মাউস দেখতে___ মতো।
৪.মাউসে ___ বাটন থাকে। ৫. মাউসের বাটনে চাপ দেওয়াকে___ বলে।
৬.কী-বোর্ডের সাহায্যে কম্পিউটারে __ টাইপ করা হয়। ৭.স্ক্যানার একটি _____ ডিভাইস।
৮. কম্পিউটারের তথ্য প্রদান করাকে __বলে। ৯. প্রিন্টার ____ প্রকার। ১০. স্পিকার দিয়ে___ শোনা যায়।

উত্তর:- ১. সচল, ২. ২, ৩. ইঁদুরের, ৪. ২, ৫. ক্লিক, ৬. লেখা, ৭. ইনপুট,
৮. ইনপুট, ৯. ৩, ১০. শব্দ,

**৩. প্রশ্নোত্তর দাও:-**

ক) কম্পিউটারের যেকোনো পাঁচটি যন্ত্রাংশের নাম লিখ। উত্তর :- পৃষ্ঠা নাম্বার:১২
খ) কেসিং কাকে বলে? উত্তর :- পৃষ্ঠা নাম্বার:১৩
গ) মনিটর কাকে বলে? উত্তর :- পৃষ্ঠা নাম্বার:১৩
ঘ) মাউস কাকে বলে? উত্তর :- পৃষ্ঠা নাম্বার:১৫
ঙ) মাউসে মোট কয়টি বাটন থাকে? এ গুলো কি কি? উত্তর :- পৃষ্ঠা নাম্বার:১৫
চ) কী-বোর্ড কাকে বলে? উত্তর :- পৃষ্ঠা নাম্বার:১৭
ছ) কী-বোর্ড কী গুলোকে কয় ভাগে ভাগ করা যায়? উত্তর :- পৃষ্ঠা নাম্বার:১৭
জ) কম্পিউটারের তথ্য প্রদান করাকে কি বলে? উত্তর :- পৃষ্ঠা নাম্বার:১৯
ঝ) ইনপুট ডিভাইসের হার্ডওয়্যার গুলো কি কি? উত্তর :- পৃষ্ঠা নাম্বার:১৯
ঞ) কয়েকটি আউটপুট ডিভাইস যন্ত্রের নাম লিখ। উত্তর :- পৃষ্ঠা নাম্বার:২১

# বিষয় ঃ- ড্রইং/হ্যান্ড রাইটিং ও মেধা যাচাই

( হাতের লিখা সুন্দর হতে হবে )

**১.চিত্র অংকন করো (রং ছাড়া) :-**
ক) গাড়ি খ)ঘড়ি গ)চা পাত্র ঘ) জোড়া লিচু

**২. চিত্র অংকন করো (রং সহ):-**
ক) তাল খ) কলস গ) ফুল সহ টব

**৩.দৃশ্য অংকন করো :-** ক) গ্রামের দৃশ্য __ ২২ পৃষ্ঠা

**রোমান সংখ্যা লিখ :-** ( XXXI থেকে L )

# বিষয় ঃ- সাধারণ জ্ঞান

১.প্রশ্ন: বাংলাদেশের শ্রেষ্ঠ ভাষাবিদ কে? উত্তর : ড. মুহম্মদ শহীদুল্লাহ।

২.প্রশ্ন: বাংলাদেশের শ্রেষ্ঠ বিজ্ঞানী কে? উত্তরঃ ড. মুহাম্মদ কুদরাত-ই-খুদা।

৩.প্রশ্ন: বাংলাদেশের শ্রেষ্ঠ চিত্রশিল্পী কে? উত্তর : শিল্পাচার্য জয়নুল আবেদিন।

৪.প্রশ্ন: বাংলাদেশের শ্রেষ্ঠ রাজনীতিবিদ কে? উত্তর: শেরে বাংলা এ. কে. ফজলুল হক।

৫.প্রশ্ন: কোন্ গাছ সবচেয়ে দ্রুতবাড়ে? উত্তর: বাঁশগাছ।

৬.প্রশ্ন : কোন্ গাছ স্পর্শ করলেই নুয়ে পড়ে? উত্তর: লজ্জাবতী।

৭.প্রশ্ন: কোন্ গাছের পাতা নেই? উত্তর: ফণীমনসা।

৮.প্রশ্ন: কোন্ গাছ কাঁদে? উত্তর: লরেল গাছ।

৯.প্রশ্নঃ কোন্ ফলকে 'ফলের রাজা' বলা হয়? উত্তরঃ আমকে।

১০.প্রশ্নঃ কোন্ ফলের পুষ্টিগুণ সবচেয়ে বেশি? উত্তর: শরিফা।

১১.প্রশ্নঃ আমাদের জাতীয় ফলের নাম কী? উত্তরঃ কাঁঠাল।

১২.প্রশ্নঃ পৃথিবীতে সবচেয়ে বেশি উৎপাদন হয় কোন্ ফল উত্তরঃ তরমুজ।

১৩.প্রশ্ন: কোন্ ফলে ভিটামিন 'সি' সবচেয়ে বেশি থাকে? উত্তরঃ আমলকীতে।

১৪.প্রশ্ন: কোন উদ্ভিদ পাতা থেকে জন্মে? উত্তর : পাথরকুচি।

১৫.প্রশ্নঃ সবচেয়ে লম্বা গাছ কোন্টি? উত্তর: রেড উড।

১৬.প্রশ্নঃ সবচেয়ে ছোটো উদ্ভিদ কোনটি? উত্তর : উলফিয়া ডাকউইড।

১৭.প্রশ্নঃ উদ্ভিদ আমাদের কী দেয়? উত্তর : অক্সিজেন, ফুল, ফল ও কাঠ দেয়।

১৯.প্রশ্নঃ মানুষের শরীরে কয়টি হাড় আছে? উত্তর: ২০৬টি।

২০.প্রশ্নঃ বুকের দুই পাশে কয়টি হাড় আছে? উত্তর: ২৪টি।

২১.প্রশ্ন: হৃৎপিণ্ড শরীরের কোথায় থাকে উত্তর: বুকের মাঝখানে।

২২.প্রশ্ন: মানুষ কোন্ কানে বেশি শোনে উত্তরঃ ডান কানে।

২৩.প্রশ্ন: একজন মানুষের শরীরে কী পরিমাণ রক্ত আছে? উত্তর: প্রায় ৫ লিটার।

২৪.প্রশ্ন: মানুষের শরীরে কত ভাগ পানি থাকে? উত্তর: প্রায় চার-ভাগের তিন-ভাগ।

২৫.প্রশ্ন: মানুষের শরীরে স্বাভাবিক তাপমাত্রা কত? উত্তর: ৯৮.৬ ডিগ্রি।

২৬.প্রশ্ন: মানুষ না-ঘুমিয়ে কত দিন বাঁচতে পারে? উত্তরঃ প্রায় দশ দিন।

২৭.প্রশ্ন: একজন প্রাপ্তবয়স্ক লোকের কয়টি দাঁত থাকে? উত্তর: ৩২টি

২৮.প্রশ্ন: বাংলাদেশের সবচেয়ে বড়ো চিড়িয়াখানা কোথায়? উত্তর: ঢাকার মিরপুরে।

২৯.প্রশ্ন: বাংলাদেশের উচ্চতম ভবন কোনটি? উত্তর: বাংলাদেশ ব্যাংক ভবন (৩২ তলা)।

৩০.প্রশ্ন: বাংলাদেশের দীর্ঘতম সমুদ্রসৈকতের নাম কী? উত্তর: কক্সবাজার সমুদ্রসৈকত।

৩১.প্রশ্ন:বাংলাদেশের সবচেয়ে উঁচু পাহাড় কোন্টি? উত্তর: গারো পাহাড় (ময়মনসিংহ)।

৩২.প্রশ্ন:বাংলাদেশের সবচেয়ে বড়ো কাগজের মিলের নাম কী? উত্তর: কর্ণফুলী পেপার মিল, চট্টগ্রাম।

৩৩.প্রশ্ন:বাংলাদেশের দীর্ঘতম নদী কোনটি? উত্তর: ব্রহ্মপুত্র নদী।

# বিষয়:- ইসলামধর্ম

**১.সঠিক উত্তরে (√) চিহ্ন দাও :-**

১. নিচে নুক্তা আছে__ ক)বা খ) ফা গ)নুন ঘ)কাফ-এর

২. নুক্তাবিহীন হরফ _ ক)১৪টি খ)১৬টি গ)১৩টি ঘ)১৫টি

৩. নুক্তা ছাড়া হরফ__ ক)৭টি খ)৯টি গ)১০টি ঘ)১৪টি

৪. যের হরফের কোথায় থাকে? _ ক)উপরে খ)নিচে গ)মাঝে ঘ)কোথাও না

৫. হরফের উপরে পেশ থাকলে কিরূপ পড়তে হয়? __ক) হামযা পেশ-উ খ) তা পেশ তু গ) হামযা যের ই ঘ) হামযা যবর-আ

উত্তর : ১.ক)বা ২. ক) ১৪টি ৩.ঘ) ১৪টি ৪.খ)নিচে ৫.ক)হামযা পেশ-উ

**২.শূণ্যস্হান পূরণ করো :-**

১) নুক্তা ছাড়া___ টি হরফ। ২) যবর হরফের ___বসে।

৩) উপরে নুক্তাযুক্ত হরফ ___টি। ৪) যবরের বাংলা উচ্চারণ___ এর মতো।

৫) পেশ হরফের___ বসে।

উত্তর :- ১) ১৪টি ২) উপরে ৩)১২টি ৪)(া) ৫) উপরে

**৩.প্রশ্নোত্তর দাও:-**

১)নুক্তা কাকে বলে? উত্তর :- পৃষ্ঠা নাম্বার:১৪

২) নুক্তাযুক্ত হরফ কয়টি ও কী কী? উত্তর :- পৃষ্ঠা নাম্বার:১৪

৩) নুক্তা ছাড়া ৫টি হরফ লেখো। উত্তর :- পৃষ্ঠা নাম্বার:১৪

৪) হরকত কাকে বলে? উত্তর :- পৃষ্ঠা নাম্বার:১৬

৫) হরফের কোথায় যবর থাকে? উত্তর :- পৃষ্ঠা নাম্বার:১৬

৬) হরফের কোথায় যের থাকে? উত্তর :- পৃষ্ঠা নাম্বার:১৬

৭) হরফের নিচে যের থাকলে কিরূপে পড়তে হয়? উত্তর :- পৃষ্ঠা নাম্বার:১৭

৮) হরফের উপরে পেশ থাকলে কিরূপে পড়তে হয়? উত্তর :- পৃষ্ঠা নাম্বার:১৭

**৪.সত্য/ মিথ্যা নির্ণয় কর :**

(ক) দুই নুক্তাযুক্ত হরফ ৩টি। উত্তর :-স.

(খ) উপরে নুক্তাযুক্ত হরফ ১২টি। উত্তর :-স.

(গ) তিন নুক্তাযুক্ত হরফ ২টি। উত্তর :-স.

(ঘ) হরফের নিচে পেশ থাকে। উত্তর :-মি.

(ঙ) যবর হরফের উপরে বসে। উত্তর :-মি.

(চ) যের হরফের মাঝে বসে। উত্তর :-মি.

**৫. আরবী হরফগুলো লিখ। (ا - ي)**

**৬. ১টি সূরা বল?**

**৭. ১টি কালিমা বল?**

**৮. আরবী সংখ্যা লিখ: (٥ , ٤ ,٣ , ٢ , ١)**

# বিষয় :সনাতনধর্ম

**১. সঠিক উত্তরে (√) চিহ্ন দাও :-**

(ক) পান্ডুর কয়জন পুত্র ছিল? ১. পাঁচজন ২. সাতজন ৩. নয়জন ৪. দশজন

(খ) শ্রীকৃষ্ণ কার রথের সারথি হয়েছিলেন? ১. ভীমের ২. অর্জুনের ৩. নকুলের ৪. সহদেবের

(গ) কোন কবি সংস্কৃত থেকে বাংলায় রামায়ণ রচনা করেন? ১. কৃত্তিবাস ২. রবীন্দ্রনাথ ৩. কামিনী রায় ৪. বৃন্দাবন দাস

(ঘ) দশরথ কোথাকার রাজা ছিলেন? ১. মথুরার ২. গৌড়ের ৩. অযোধ্যার ৪. দিল্লীর

(ঙ) দেবদেবী--- ১. এক ২. দুই ৩. অনেক।

(চ) মন্দিরের নাম হয়--- ১. দেবতার নামে ২. দেশের নামে ৩. পুরোহিতের নামে।

(ছ) কালী মন্দিরে থাকে- ১. কালীর ২. কৃষ্ণের ৩. গণেশের মূর্তি।

(জ) বৃন্দাবনকে ---- ১. পুরীধাম ২. নবদ্বীপধাম ৩. ব্রজধাম বলে।

(ঝ) লাঙ্গলবন্দ --- ১. যমুনার ২. গঙ্গার ৩. ব্রহ্মপুত্রের তীরে অবস্থিত।

উত্তর :- (ক) পাঁচজন (খ) অর্জুনের (গ) কৃত্তিবাস (ঘ) অযোধ্যার (ঙ)অনেক। (চ) দেবতার নামে (ছ) কালীর মূর্তি (জ) ব্রজধাম বলে (ঝ) গঙ্গার তীরে অবস্থিত।

**২. শূন্যস্হান পূরণ কর:-**

(ক) ধৃতরাষ্ট্রের ছিল---------পুত্র। (খ) ধৃতরাষ্ট্রের পুত্রদের বলা হতো--------।

(গ) রামায়ণ হিন্দুদের একটি পবিত্র --------। (ঘ) রাম চন্দ্র ছিলেন-------রাজা।

(ঙ) মন্দির হলো------- (চ) মন্দিরে গেলে দেহ মন--------হয়।

(ছ) ঢাকেশ্বরী মন্দির--------অবস্থিত। (জ) মন্দিরে--------পূজা-অর্চনা হয়। (ঝ) ---------হলো পূণ্য স্থান।

উত্তর :- ক) একশত খ) কৌরব গ) ধর্মগ্রন্থ ঘ) আদর্শবান ঙ) দেবালয় চ) পবিত্র ছ) ঢাকায় জ) দেব-দেবীর ঝ) তীর্থক্ষেত্র

**৩.বাম পাশের সাথে ডান পাশের মিল কর :-**

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| ক. কাশীর অপর নাম | ক. পবিত্র। |
| খ. গয়ায় পিন্ডদান করা | খ. লাঙ্গলবন্দ। |
| গ. মথুরা শ্রীকৃষ্ণের | গ. পুত্রের একটি বড় কর্তব্য। |
| ঘ. বাংলাদেশের একটি পবিত্র তীর্থক্ষেত্র | ঘ. বারাণসী। |
| ঙ. তীর্থক্ষেত্রের জল, মাটি সবই | ঙ. জন্মস্থান। |

উত্তর : ক. কাশীর অপর নাম — বারাণসী, খ. গয়ায় পিণ্ডদান করা — পূর্বপুরুষের একটি বড় কর্তব্য,
গ. মথুরা শ্রীকৃষ্ণের — জন্মস্থান, ঘ. বাংলাদেশের একটি পবিত্র তীর্থক্ষেত্র — লালসবন্দ,
ঙ. তীর্থক্ষেত্রের জল, মাটি সবই — পবিত্র,

**৪. প্রশ্নোত্তর দাও:-**

(ক) বিচিত্রবীর্য কোথাকার রাজা ছিলেন? উত্তর: বিচিত্রবীর্য হস্তিনাপুরের রাজা ছিলেন।

(খ) ধৃতরাষ্ট্রের পুত্রদের সংখ্যা কত ছিল? উত্তর: ধৃতরাষ্ট্রের পুত্রদের সংখ্যা ছিল একশত।

(গ) রামায়ণ কাকে বলে?: উত্তর: যে গ্রন্থে রামের কাহিনী বর্ণনা করা হয়েছে, তাকে রামায়ণ বলে।

(ঘ) কে বাংলা ভাষায় রামায়ন রচনা করেন? উত্তর: কৃত্তিবাস বাংলা ভাষায় রামায়ণ রচনা করেন।

(ঙ) মন্দির কাকে বলে? উত্তর: যেখানে দেব-দেবীর মূর্তি থাকে এবং পূজা-অর্চনা হয় তাকে মন্দির বলে।

(চ) ভক্তরা মন্দিরে গিয়ে কী করে? উত্তর: ভক্তরা মন্দিরে গিয়ে দেব-দেবীর পূজা-অর্চনা করে।

(ছ) তীর্থক্ষেত্র কাকে বলে? উত্তর: যে স্থানে পুণ্য লাভের আশায় গেলে পাপ থাকে না তাকে তীর্থক্ষেত্র বলে।

(জ) কোথায় কাদের উদ্দেশ্যে পিণ্ড দেওয়া হয়? উত্তর: ভারতের বিহারের গয়ায় ফল্গু নদীর তীরে মৃত পিতামাতা ও পূর্বপুরুষদের উদ্দেশ্যে পিণ্ড দেওয়া হয়।

(ঝ) বৃন্দাবন কোথায় এবং কী জন্য বিখ্যাত? উত্তর: বৃন্দাবন মথুরার কাছেই অবস্থিত। শ্রীকৃষ্ণ ছেলেবেলায় বন্ধুদের সঙ্গে এখানে খেলা করেছেন বলে এটি বিখ্যাত।

(ঞ) লালসবন্দ কোথায়? সেখানে দেশ-বিদেশের লোক আসে কেন? উত্তর: লালসবন্দ নারায়ণগঞ্জ জেলার বুড়িগঙ্গা নদীর তীরে অবস্থিত। এটি পবিত্র তীর্থক্ষেত্র হওয়ায় দেশ-বিদেশের অনেক লোক এখানে আসে।